

অতীব জরুরি

আটা/সার্কুলার/২০২৫/৯৪

০৮ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ

সম্মানিত সকল সদস্য, আটা।


বিষয়ঃ- রাশিয়ায় কর্মসংস্থানের নাম করে প্রতারণা ও যুদ্ধক্ষেত্রে মানব পাচার প্রসঙ্গে

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

এতদ্বারা সকল সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাশিয়ায় কর্মসংস্থান ও লোভনীয় বেতনে চাকরির প্রলোভন দেখিয়ে বাংলাদেশ থেকে মানব পাচারের মাধ্যমে শ্রমিকদের জোরপূর্বক রাশিয়া-ইউক্রেন যুদ্ধে অংশ নিতে বাধ্য করার অভিযোগ পাওয়া যাচ্ছে। পত্র-পত্রিকা ও গণমাধ্যম সূত্রে জানা যায়, ফেইসবুক ও সামাজিক মাধ্যমে রাশিয়ায় উচ্চ বেতনে চাকরির চটকদার বিজ্ঞাপন দিয়ে শ্রমিকদের প্রথমে ওমরাহ ভিসায় সৌদি আরব এরপর সৌদি আরব থেকে রাশিয়ায় প্রেরণ করছে। চাকরি কিংবা কর্মস্থানে না পাঠিয়ে তাদের রাশিয়ার সামরিক ক্যাম্পে প্রশিক্ষণ প্রদান করে জোরপূর্বক যুদ্ধক্ষেত্রে পাঠাচ্ছে। কিছু অবৈধ ট্রাভেল এজেন্সিদের এই অবৈধ কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ততা পাওয়া গিয়েছে এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এ বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছে। এভাবে ফাঁদে ফেলে জনসাধারণের সাথে প্রতারণা ও মানব পাচার করা সম্পূর্ণ বেআইনি ও দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায়, মানবপাচার ও প্রতারণামূলক কর্মকাণ্ডের সাথে আটাবের কোন সদস্য ট্রাভেল এজেন্সি যেন সম্পৃক্ত না থাকে এই মর্মে সকল সম্মানিত সদস্যদের সতর্ক করা যাচ্ছে। আইনবিরোধী অনৈতিক কর্মকাণ্ডে যুক্তদের বিরুদ্ধে সরকার যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে। বিষয়টি অতীব জরুরি বিধায় সকলকে অবহিত করা হলো।

ধন্যবাদান্তে,



আফিয়া জাহ্নাত সালেহ
মহাসচিব

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ২) সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
- ৩) সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।